# কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

## ১৩১. কোন শহুরে ব্যক্তির অন্য কোন গ্রাম্য ব্যক্তির ক্রয়-বিক্রয়ে দালালি করা

জাবির (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সা.) ইরশাদ করেন:

لاَ يَبِعْ حَاضِرٌ لِبَادٍ ، دَعُوْا النَّاسَ يَرْزُقِ اللهُ بَعْضَهُمْ مِنْ بَعْضٍ

“কোন শহুরে ব্যক্তি যেন কোন গ্রাম্য ব্যক্তির ক্রয়ে-বিক্রয়ে দালালি না করে। আল্লাহ্ তা’আলা মানুষের কাউকে অন্য কারোর মাধ্যমে রিযিক দিয়ে থাকেন। সুতরাং তোমরা এ ব্যাপারে কেউ কারোর উপর হস্তক্ষেপ করো না”।[1]

আনাস্ (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সা.) ইরশাদ করেন:

لاَ يَبِيْعُ حَاضِرٌ لِبَادٍ ، وَإِنْ كَانَ أَخَاهُ أَوْ أَبَاهُ

“কোন শহুরে ব্যক্তি যেন কোন গ্রাম্য ব্যক্তির ক্রয়ে-বিক্রয়ে দালালি না করে। যদিও সে তার ভাই বা পিতা হোক”।[2]

>

### ফুটনোট

[1] (মুসলিম, হাদীস ১৫২২ আবু দাউদ, হাদীস ৩৪৪২ তিরমিযী, হাদীস ১২২৩ ইবনু মাজাহ্, হাদীস ২২০৬)

[2] (মুসলিম, হাদীস ১৫২৩ আবু দাউদ, হাদীস ৩৪৪০)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11381

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন